



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : [pro@bhbf.gov.bd](mailto:pro@bhbf.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'র বার্ষিক ব্যবসায়িক পর্যালোচনা সভা-২০১৭ অনুষ্ঠিত



১৯ জুলাই ২০১৭ তারিখে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের প্রশিক্ষণ কেন্দ্রে ২ দিন ব্যাপী প্রতিষ্ঠানটির ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক ব্যবসায়িক পর্যালোচনা সভা-২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ। এতে সভাপতিত্ব করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক দেবশীষ চক্রবর্তী। অনুষ্ঠানে বিএইচবিএফসি'র মহাব্যবস্থাপক ড. দৌলতুল্লাহর খানম, মোঃ আমিন উদ্দিন ও মোঃ জাহিদুল হক এবং জোনাল ও রিজিওনাল ম্যানেজারসহ কর্পোরেশনের বিভিন্ন বিভাগ ও উপ-বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। কর্পোরেশনের ১৪টি জোনাল ও ১৫টি রিজিওনাল অফিসের অফিস প্রধানগণ সভায় অংশগ্রহণ করেন।

এ অনুষ্ঠানে ২০১৬-২০১৭ অর্থবছরে কর্পোরেশনের ঋণ আদায়, মঞ্জুরী ও বিতরণ, উচ্চ ও নিম্ন আদালতে বিচারাধীন মামলা ও অডিট আপত্তি নিষ্পত্তিকরণ সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে আলোচনা করা হয়। প্রধান অতিথি বিগত অর্থবছরে কর্পোরেশনের বিভিন্ন কার্যক্রমে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে সন্তোষ প্রকাশ করেন। তিনি ২০১৭-২০১৮ অর্থবছরেও যাতে সকল ইন্ডিকেটরে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন করা যায় সে বিষয়ে সকল জোনাল ও রিজিওনাল ম্যানেজারকে সর্বাঙ্গিক প্রচেষ্টা অব্যাহত রাখার পরামর্শ দেন। বিশেষ করে শ্রেণীকৃত ঋণের হার যেন বৃদ্ধি না পায় সে বিষয়ে সবাইকে সতর্ক দৃষ্টি রাখার জন্য নির্দেশ দেন। বিএইচবিএফসি ১ জুলাই ২০১৭ হতে নতুন আঙ্গিকে নগর বন্ধু, ফ্ল্যাট ঋণ, পল্লীমা, প্রবাস বন্ধু, আবাসন মেরামত ও আবাসন উন্নয়ন নামে ৬টি প্রোডাক্ট চালু করেছে। একই সাথে সুদের হার সর্বনিম্ন ৮.৫% এবং ঋণ পরিশোধের মেয়াদ সর্বোচ্চ ২৫ বছর করা হয়েছে। এছাড়া সারা দেশব্যাপী বিএইচবিএফসি'র শাখা বিস্তারের কাজ দ্রুত এগিয়ে চলেছে। ব্যবস্থাপনা পরিচালক দেশব্যাপী কর্পোরেশনের ঋণ পরিধি বিস্তৃত করে আবাসন খাতে দেশের শীর্ষ প্রতিষ্ঠান হিসেবে বিএইচবিএফসিকে রূপ দিতে সকলের সহযোগিতা কামনা করেন।